



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
নওগাঁ জেলা কার্যালয়, নওগাঁ



নম্বর ২৬.০৪.৬৪০০.০০০.১৭.০০২.২১.৩৮৭

তারিখ: ২৪ আশ্বিন ১৪২৮

০৯ অক্টোবর ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ০৯ অক্টোবর ২০২১ তারিখে নওগাঁ জেলায় বদলগাছি উপজেলায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় কার্যালয়ের অধীন নওগাঁ জেলা কার্যালয় কর্তৃক ০৯/১০/২০২১ খ্রি তারিখে সহকারী পরিচালক জনাব মোঃ শামীম হোসেন এর নেতৃত্বে বদলগাছি উপজেলার সদর বাজার এলাকায় অভিযান পরিচালিত হয়। সহকারী পরিচালক জনাব মোঃ শামীম হোসেন বদলগাছি থানাধীন সদর বাজার এলাকায় নাসির গুড় আড়ৎ কে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪৫ অনুযায়ী প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথ ভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে ১,০০০/- টাকা জরিমানা করেন। সোহাগ স্টোর কে ধারা ৩৮ অনুযায়ী মূল্য প্রদর্শন না করার ৫০০/- টাকা, মানস স্টোর কে ধারা ৩৮ অনুযায়ী মূল্য তালিকা প্রদর্শন না করায় ৫০০/- টাকা, সরজিৎ স্টোর কে ধারা ৩৭ অনুযায়ী পণ্যের মোড়ক ইত্যাদি ব্যবহার না করায় ১,৫০০/- টাকা, লিটন স্টোর কে ধারা ৪৫ অনুযায়ী প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে সরবরাহ না করার অপরাধে ১,০০০/- এবং ইউনিক ট্রেডাস কে ধারা ৪৫ অনুযায়ী প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে সরবরাহ না করার অপরাধে ১,০০০/- সহ মোট ৫,৫০০/- টাকা জরিমানা করেন। অভিযান চলাকালে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্বলিত লিফলেট বিতরণ করা হয় এবং আইনটি মেনে চলতে উদ্বুদ্ধ করা হয়। বদলগাছি থানা পুলিশের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

৯-১০-২০২১

মোঃ শামীম হোসেন

সহকারী পরিচালক

ফোন: ০৭৪১-৮১৪১৯

ইমেইল: ad-

naogaon@dnocrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
- ২) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
- ৩) পুলিশ সুপার, পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নওগাঁ
- ৪) উপপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
- ৬) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বদলগাছী, নওগাঁ